

অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয়:

১. আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট (<http://admission.eis.du.ac.bd>)-এর মাধ্যমে করতে হবে। এই সাইটে আবেদনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্ক সমূহ দেখতে পাবে। যেকোনো ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ও ওয়েবসাইট নির্দেশিকা ভালো করে পরে নিন। এছাড়াও প্রতি পেইজের উপরে হলুদ বক্সের নির্দেশাবলী পরে নিন।
২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ০৭ আগস্ট, ২০১৭, দুপুর ০২:০০ টা হতে ২৯ আগস্ট, ২০১৭ রাত ১০:০০ টা পর্যন্ত করা যাবে।
৩. যেকোনো ইউনিট এ ভর্তির আবেদন করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট এর 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করতে হবে।
৪. 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করার পর 'আবেদন/লগইন' এর তথ্যের পেইজে আবেদনকারীর উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রোল নম্বর প্রদান করে "অগ্রসর হোন" বাটনে ক্লিক করুন এবং পরবর্তী পেইজে আবেদনকারীর উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলী এবং আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখেন তা দেখা গেলে 'নিশ্চিত করছি' বাটন-এ ক্লিক করতে হবে।
৫. আবেদনকারী ইতোমধ্যে কোন ইউনিটে আবেদন না করে থাকলে ওয়েবসাইটের মাধ্যমে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটের একটি ফরমাল ছবি, ব্যক্তিগত মোবাইল নম্বর ও কোটার তথ্য চাওয়া হবে। তবে যে কোন ইউনিটে ইতোমধ্যে আবেদন করে থাকলে তথ্যগুলো পুনরায় দিতে হবে না। শুধুমাত্র বিকেএসপি হতে এইচ. এস.সি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খেলোয়ার কোটায় আবেদন করতে পারবে।
৬. ছবি এবং অন্যান্য তথ্যাবলী দেয়া হলে পরবর্তী পেইজে সেগুলো নিশ্চিত করতে বলা হবে। নিশ্চিত করার জন্য আবেদনকারীকে যেকোন মোবাইল অপারেটরের নম্বর থেকে একটি এসএমএস ১৬৩২১ নম্বরে পাঠাতে হবে। এসএমএস টির ফরম্যাট আবেদনকারী সেই পেইজে দেখতে পাবে। এসএমএস-টি পাঠানো হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারী ৭(সাত) অক্ষরের একটি কনফারমেশন কোড পাবে। এই কনফার্মেশন কোডটি আবেদনকারী পেইজের নির্ধারিত স্থানে দেয়ার পর 'নিশ্চিত করছি' বাটনে ক্লিক করতে হবে।
৭. সঠিক কনফারমেশন কোড দেয়া হলে আবেদনের মূল পাতা (সকল ইউনিটের জন্য প্রযোজ্য) দেখা যাবে। এই পেইজের মাধ্যমে আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখেন সে সকল ইউনিটে আবেদন করে টাকা জমার রসিদ সংগ্রহ করতে পারবে। এই পাতায় উল্লেখিত ইউনিট সমূহের যেকোনটিতে আবেদন করার জন্য ইউনিটের পাশের 'আবেদন' বাটনে ক্লিক করতে হবে। 'আবেদন' বাটনে ক্লিক করার পর উক্ত ইউনিটের 'আবেদন' বাটনটির স্থানে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) এর ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিটের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ বা আসন বিন্যাস, ফলাফল ইত্যাদি জানতে পারবে।
৮. উপরোক্ত পেইজ থেকে যে ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) সংগ্রহ করতে ইচ্ছুক সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্কে ক্লিক করে রসিদটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। পেমেন্ট স্লিপটির দুইটি অংশ থাকবে; উপরেরটি আবেদনকারীর অংশ এবং নিচেরটি ব্যাংকের অংশ।
সতর্কীকরণ: টাকা জমার আবেদনকারীর অংশটি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নয়। পরীক্ষার প্রবেশপত্রের বিকল্প হিসেবেও টাকা জমার রসিদের অংশটুকু ব্যবহার করা যাবে না।

৯. টাকা জমার রসিদের তথ্য সমূহ ও আবেদনকারীর ছবি সঠিক আছে কিনা যাচাই করে নি। এরপর টাকা জমার রসিদের দুইটি অংশেই নির্ধারিত স্থানে আবেদনকারী স্বাক্ষর করে **৩০ আগস্ট, ২০১৭** তারিখের মধ্যে রসিদে উল্লিখিত পরিমাণ টাকা (ভর্তি পরীক্ষার ফি, অনলাইন সার্ভিস ফি ও ব্যাংক চার্জ) দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক (জনতা, সোনালী, অগ্রণী ও রূপালী)-এর যে কোন শাখায় গিয়ে ব্যাংক চলাকালীন সময়ে জমা দিতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমার প্রমাণ স্বরূপ টাকা জমার রসিদের আবেদনকারীর অংশ কেটে আবেদনকারীকে ফেরত দিবে।
১০. কোন ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেওয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে তার সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। ব্যাংক-এ টাকা জমা না দেয়া হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। গ এবং চ ইউনিটে আবেদনকারী পরীক্ষার্থীরা **৩০ আগস্ট, ২০১৭** এবং ক, খ, এবং ঘ ইউনিটে আবেদনকারী পরীক্ষার্থীরা **১২ই সেপ্টেম্বর, ২০১৭** হতে ভর্তি পরীক্ষা শুরু হবার ১ ঘন্টা আগ পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে।
১১. IGCSE(ও লেভেল) এবং AI(এ লেভেল) ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীদের সংশ্লিষ্ট অনুষদের ডীন অফিস থেকে প্রদত্ত **Equivalent ID** মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথানিয়মে টাকা জমা দেওয়ার রশিদ সংগ্রহ করতে হবে।